# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোনঃ ০২-৯৫৭৪০২৫, e-mail : dgmbcbd@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/শানিব্যউবি-১(৪৫)/মাঠজারী/২০২০-২০২১/১২১৯ তারিখঃ ০৮-০৩-২০২১ ইং

**বিষয় ঃ <u>ব্যাংকের শাখা/ কার্যালয় ভবনের ভাড়ার বিপরীতে অগ্রীম মঞ্জুর প্রসঙ্গে।</u>**

বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারীকৃত বিআরপিডি সার্কুলার নং ১৮ তারিখ ২৯-১১-২০১২ মোতাবেক ব্যাংকের শাখা/কার্যালয়সহ যে কোন ধরনের স্থাপনা ভাড়ার জন্য সর্বোচ্চ ৩(তিন) বছরের ভাড়ার সমপরিমান অর্থ অগ্রীম হিসাবে প্রদানের বিধান রয়েছে। বাংলাদেশ ব্যাংকের জারীকৃত উক্ত সার্কুলারের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বিগত ২০-১২-২০১২ তারিখে ডিএমডি-১(শানিব্যউবি)পরিপত্র নং-০৯/২০১২ এর মাধ্যমে ব্যাংকের শাখা/কার্যালয়সহ যে কোন ধরনের স্থাপনা ভাড়ার জন্য সংশ্লিষ্ট বছরের ব্যাংকের কস্ট অব ফান্ড হার সুদে সর্বোচ্চ ২(দুই) বছরের ভাড়ার সমপরিমান অর্থ অগ্রীম মঞ্জুরীর নীতিমালা জারি করা হয়।

০২। শাখা স্থানান্তর/নতুন শাখা খোলার ক্ষেত্রে ভবন নির্মাণ এবং বিদ্যমান শাখা ভবনের সংস্কার ও মেরামতের জন্য অগ্রীমের চাহিদা এবং মাঠ কার্যালয়ের সুপারিশ বিবেচনা করে পরিপত্র নং-ডিএমডি-১(শানিব্যউবি)-০৯/২০১২ এর ০৭ নং অনুচ্ছেদ সংশোধন পূর্বক বিদ্যমান ২(দুই) বছরের ভাড়ার সমপরিমাণ অর্থের স্থলে ৩(তিন) বছরের ভাড়ার সমপরিমান অর্থ অগ্রিম হিসাবে প্রদানের অনুমোদনের জন্য ২০-০১-২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৮৩ তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয় ।

"শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, ব্যবস্থাপনা সমন্বয় কমিটি এবং ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখা/কার্যালয় ভবনের ভাড়ার বিপরীতে অগ্রিম মঞ্জুরীর বিষয়ে বিদ্যমান ২(দুই) বছরের ভাড়ার সমপরিমাণ অর্থের স্থলে ৩(তিন) বছরের ভাড়ার সমপরিমান অর্থ অগ্রিম হিসাবে প্রদানের প্রস্তাবটি অনুমোদন করা হলো।"

০৩। এমতাবস্থায়, পরিচালনা পর্ষদের অনুমোদনের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক পরিপত্র নং-ডিএমডি-১(শানিব্যউবি)-০৯/২০১২ তারিখ ২০-১২-২০১২ এর অন্যান্য সকল শর্ত অপরিবর্তিত রেখে ০৭ নং অনুচ্ছেদ এ উল্লেখিত সর্বোচ্চ ২(দুই) বছরের স্থলে সর্বোচ্চ ৩(তিন) বছরের ভাড়ার সমপরিমান অর্থ সংশ্লিষ্ট বছরের ব্যাংকের কস্ট অব ফান্ড হার সুদে অগ্রীম মঞ্জুরী এবং চুক্তির নির্দিষ্ট মেয়াদে সমন্বয়ের লক্ষ্যে মাসিক কর্তনের হার নির্ধারিত হবে মর্মে সংশোধনী জারি করা হলো ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(জামিল হোসেন)
সহকারী-মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িত্বে

নং-প্রকা/শানিব্যউবি-১(৪৫)/২০২০-২০২১/১২১৯ তারিখঃ ০৮-০৩-২০২১ ইং

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-</u>

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

(জাহানারা রায়হানুল ফেরদৌসী)
(উর্ধতন মুখ্য কর্মকর্তা)